অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/27/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রাজ্যের টিকাকরণ পরিকল্পনা সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদান করেছেন

আজ সকাল 11 পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের থেকে প্রাপ্ত ডোজগুলির মধ্যে 96% প্রদান করেছে

টিকার ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে রাজ্যের টিকাকরণ প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে; ny.gov/vaccinetracker এ যান

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ রাজ্যের টিকাকরণ কর্মসূচী সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন। আজ সকাল 11:00 পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি 1,304,050টি প্রথম ডোজ পেয়েছে এবং ইতিমধ্যেই 96 শতাংশ বা 1,246,946টি টিকার প্রথম ডোজ প্রদান করেছে এবং প্রথম ও দ্বিতীয় ডোজের 77 শতাংশ প্রদান করেছে। ফেডারেল সরকার থেকে সপ্তাহ 7 এর বরাদ্দকরণ প্রদান করার জন্য সরবরাহকারীদের কাছে পৌঁছে দেওয়ার প্রক্রিয়া চলছে।

"আমি আনন্দিত যে প্রেসিডেন্ট বাইডেন পূর্ববর্তী প্রশাসনের রেখে যাওয়া বিশৃঙ্খলা সমাধানের একটি পরিকল্পনা তৈরি করেছেন, যার মধ্যে রয়েছে স্বল্প মেয়াদে আমাদের টিকার সরবরাহ 16 শতাংশ বৃদ্ধি করা এবং উৎপাদন উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা যাতে আগামী মাসগুলোতে আমাদের প্রয়োজনীয় সরবরাহ নিশ্চিত করা যায়," **গভর্নর কুওমো বলেন।** "মনে রাখবেন, এখন পর্যন্ত আমরা সপ্তাহ থেকে সপ্তাহ কাজ করছিলাম। এখন, আমরা জানি আগামী তিন সপ্তাহের জন্য আমরা ঠিক কতটা সরবরাহ পাচ্ছি। সরবরাহকারীরা আরো বেশি পরের অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী নির্ধারণ করতে পারে এবং সমতা এবং ন্যায্যতা নিশ্চিত করতে তাদের নির্ধারিত অগ্রাধিকারযুক্ত জনসংখ্যাকে প্রদান করা চালিয়ে যেতে হবে। সমগ্র যোগ্য জনসংখ্যাকে টিকা দিতে এখনো কয়েক মাস সময় লাগবে, কিন্তু ওয়াশিংটনে নতুন নেতৃত্বের সাথে, আমি আত্মবিশ্বাসী যে আমরা সঠিক দিকে যাচ্ছি।"

7 মিলিয়ন নিউ ইয়র্কবাসী বর্তমানে টিকা পাওয়ার জন্য যোগ্য। ফেডারেল সরকার সাপ্তাহিক সরবরাহ 16 শতাংশ বৃদ্ধি করেছে কিন্তু নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা এখনও ফেডারেল সরকার থেকে আসা সরবরাহের থেকে অনেক বেশি।

সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোন অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাকরণ সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

টিকাকরণ কর্মসূচীর সংখ্যাগুলি রাষ্ট্রের টিকা কর্মসূচীর জন্য নিউ ইয়র্কে বন্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী যত্ন সুবিধা কর্মসূচীর জন্য সংরক্ষিত ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয় না। তথ্যগুলির বিশদ বিবরণ আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে হল নিম্নরূপ:

রাজ্যব্যাপী বিশদ তথ্য

- প্রাপ্ত প্রথম ডোজ - 1,304,050
- প্রদান করা প্রথম ডোজ - 1,246,946
- প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 564,600
- প্রদান করা দ্বিতীয় ডোজ - 186,283

অঞ্চল	**প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়)**	**প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়)**	**মোট ডোজের % যা প্রদান করাপ্রাপ্ত হয়েছে (1ম ও 2য়)**
Capital Region	117,640	95,611	81%
Central New York	95,265	93,060	98%
Finger Lakes	118,250	96,437	82%
Long Island	229,520	179,303	78%
Mid-Hudson	179,475	126,191	70%
Mohawk Valley	53,070	31,835	60%
New York City	842,025	621,958	74%
North Country	50,945	36,269	71%
Southern Tier	52,300	40,129	77%
Western New York	130,160	112,436	86%

স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	1,868,650	1,433,229	77%

	সপ্তাহ 1: ডোজ আসছে 12/14 – 12/20	**সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 – 12/27**	**সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 – 01/03**	**সপ্তাহ 4: ডোজ আসছে 01/04 – 01/10**	**সপ্তাহ 5: ডোজ আসছে 01/11 – 01/17**	**সপ্তাহ 6: আসন্ন ডোজ 01/18 – 01/24**
স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 1ম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	90,675	392,025	201,500	160,050	209,400	250,400
স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 2য় ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	0	0	0	90,675	45,825	428,100
মোট	90,675	392,025	201,500	250,725	255,225	678,500
ক্রমবর্ধমান		482,700	684,200	934,925	1,190,150	1,868,650

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 96 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়েছে। নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি রাজ্য পরিচালিত গণ টিকাকরণ সাইটে একটি সাক্ষাৎকারের সময়সূচী নির্ধারণ করতে, 'আমি কি যোগ্য' ওয়েবসাইটে যান। নিউ ইয়র্কবাসীরা অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্ট করার জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করুন যেখানে টিকা উপলভ্য আছে।

COVID-19 টীকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টীকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের

হালনাগাদ প্রদানের জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টীকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাকরণ ফেসিলিটিগুলির জন্য; রাজ্যের টিকাকরণ প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিকস প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টীকা প্রশাসনের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) বিনা মাশুলের নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ রাজ্যের স্বাস্থ্য বিভাগকে (Department of Health) ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন রাজ্য সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করছে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন